গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নিরাপদ খাদ্য অফিসার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, নীলফামারী

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

# সূচিপত্র

জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: জেলা / সার্কেল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৫

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৬

## জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the District/Circle Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর উদ্দেশ্য পূরণকল্পে নীলফামারী জেলায় নিরাপদ খাদ্য অফিসার ২৫-১০-২০২০ খ্রি তারিখে যোগদান করেন। ইতোমধ্যে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ জেলা কার্যালয়, নীলফামারী এর চুক্তিভিত্তিক ভাড়ায় নগরীর ডাকবাংলো রোড এলাকায় কার্যালয় স্থাপন করা হয়েছে। ২০২১-২০২২ অর্থবছর হতে নীলফামারী জেলায় জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে খাদ্যের নিরাপদতা শীর্ষক উপজেলা পর্যায়ে সেমিনার, পাবলিক মিটিং, ভিডিও প্রদর্শন, মাইকিং, লিফলেট ও প্যাম্পলেট বিতরণ ইত্যাদি প্রচারমূলক কার্যক্রম পরিচালিত হচ্ছে। জেলা কার্যালয় হতে ২০২১-২০২২ অর্থবছরে ১০০জন খাদ্যকর্মীকে প্রশিক্ষণ প্রদান এবং খাদ্য পণ্যের গুণগতমান ও নিরাপদতা নিশ্চিতকরণের জন্য খাদ্য নমুনা পরীক্ষা করার জন্য বিভিন্ন পরীক্ষাগারে প্রেরণ করা হয়েছে। ২০২২-২০২৩ অর্থবছরে নীলফামারীতে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে জনপ্রতিনিধিদের নিয়ে খাদ্যের নিরাপদতা শীর্ষক উপজেলা পর্যায়ে ৪ টি সেমিনার, জেলা পর্যায়ে ১ টি সেমিনার, পাবলিক মিটিং, ভিডিও প্রদর্শন, মাইকিং, লিফলেট ও প্যাম্পলেট বিতরণ, ১০০ জন খাদ্যকর্মীকে প্রশিক্ষণ প্রদানসহ খাদ্য পণ্যের গুণগতমান ও নিরাপদতা নিশ্চিতকরণের জন্য ১০টি খাদ্য নমুনা পরীক্ষা করার জন্য বিভিন্ন পরীক্ষাগারে প্রেরণ করা হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরে জেলা কার্যালয় থেকে শিক্ষার্থীদের মধ্যে নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নীলফামারী জেলার সদর, সৈয়দপুর, জলঢাকা ও ডোমার উপজেলায় ০৪ টি শিক্ষাপ্রতিষ্ঠানে খাদ্যের নিরাপদতা শীর্ষক সচেতনতা মূলক সেমিনার সম্পন্ন হয়েছে এবং গৃহিণীদের নিয়ে নিরাপদ খাদ্য বিষয়ক ০২ টি উঠান বৈঠক সম্পন্ন হয়েছে। এছাড়াও ২০২৩-২০২৪ অর্থ বছরে জনপ্রতিনিধিদের নিয়ে নিরাপদ খাদ্য বিষয়ে ০১টি সেমিনার , শিক্ষার্থীদের মধ্যে নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নীলফামারী জেলার ০৫ টি শিক্ষাপ্রতিষ্ঠানে সচেতনতামূলক সেমিনার, গৃহিণীদের নিয়ে নিরাপদ নিরাপদ খাদ্য বিষয়ে ০৩ টি উঠান বৈঠক, ১৬৫ জন খাদ্যকর্মীদের নিরাপদ খাদ্য বিষয়ে প্রশিক্ষণ প্রদান , জেলা পর্যায়ে খাদ্য ব্যবসায়ীদের নিরাপদ খাদ্য বিষয়ে ২টি প্রশিক্ষণ প্রদান, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের সাথে নিরাপদ খাদ্য বিষয়ক ০৪টি জনসচেতনতামূলক কর্মসূচি আয়োজন করা হয়েছে এবং খাদ্যে ভেজাল রোধে ১৩ টি নুমনা সংগ্রহ করে পরীক্ষাগারে প্রেরণ করা হয়েছে । একইসাথে নিরাপদ খাদ্য বিষয়ে জনগণের অভিযোগ ও পরামর্শ গ্রহণের জন্য হটলাইন সেবা ১৬১৫৫ এ প্রাপ্ত অভিযোগের তদন্ত ও পরামর্শ প্রদান কার্যক্রম চলমান রয়েছে ।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

২০২৬ সালের মধ্যে খাদ্যের নিরাপদতা রক্ষায় সংশ্লিষ্ট জনবলের দক্ষতা উন্নয়ন, ২০২৮ সালের মধ্যে খাদ্যে ভেজাল ও দূষণ নিরসনে আন্তঃসংস্থা সমন্বয়ের মাধ্যমে প্রতিরোধ ও প্রতিকারমূলক নিরাপদ খাদ্যব্যবস্থাপনা বাস্তবায়ন। ২০৩০ সালের মধ্যে ঝুঁকিভিত্তিক খাদ্যপরিদর্শন, ফুড টেস্টিং ল্যাবরেটরিসমূহের অ্যাক্রেডিটেশন অর্জন এবং নিরাপদ খাদ্যব্যবস্থাপনা বাস্তবায়নে উৎকৃষ্ট পদ্ধতিসমূহ প্রয়োগ ও প্রবর্তন।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

২০৩০ সালের মধ্যে ঝুঁকিভিত্তিক খাদ্যপরিদর্শন, পরিবীক্ষণ ব্যবস্থা চালু করা, খাদ্য পরিদর্শন ও পরীবিক্ষণ ব্যবস্থায় মোবাইল ল্যাবরেটরির সেবা চালুর মাধ্যমে প্রাথমিকভাবে খাদ্যের বিপত্তি চিহ্নিত করা এবং ঝুঁকি নিরুপণ করা।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে ১০৫ জন খাদ্য ব্যবসায়ীদের প্রশিক্ষণ প্রদান।
- নিরাপদ খাদ্য বিষয়ে গৃহিনীদের সাথে ৩টি সচেতনতামূলক উঠান বৈঠক আয়োজন।
- নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে ১টি সচেতনতামূলক সেমিনার আয়োজন।
- জেলাব্যাপী ১২০ টি খাদ্যস্থাপনা ও বাজার মনিটরিং এবং পরিদর্শন।
- ০৬ টি খাদ্যশিল্প, ০৬ টি খামার বা হ্যাচারি ও ০৪ টি হিমাগার পরিদর্শন।
- নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে বিভিন্ন খাদ্যপণ্যের ২০ টি নমুনা সংগ্রহ ।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নিরাপদ খাদ্য অফিসার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, নীলফামারী

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ-এর মধ্যে ২০২৪ সালের ................ মাসের ................ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় সকলের জন্য নিরাপদ খাদ্য।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

নিরাপদ খাদ্য ব্যবস্থাপনার সাথে জড়িত সংশ্লিষ্ট সকল সংস্থা, খাদ্যশিল্প ও খাদ্য ব্যবসায়ী এবং সুশীল সমাজের সহযোগিতায় যথাযথ বিজ্ঞানভিত্তিক বিধি-বিধান তৈরি ও কার্যকর প্রয়োগ এবং খাদ্য শৃঙ্খল পরিবীক্ষণ ও ব্যবস্থাপনার সাথে নিয়োজিত সংস্থাসমূহের কার্যক্রম ফলপ্রসূভাবে সমন্বয়ের মাধ্যমে জীবন ও স্বাস্থ্য সুরক্ষা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. খাদ্য বিষযক নীতিমালা বাস্তবায়ন ও নিরাপদ খাদ্য সংক্রান্ত তথ্য প্রাপ্তি সহজীকরণ
২. নিরাপদ খাদ্য ও পুষ্টি বিষয়ে সচেতনতা বৃদ্ধি
৩. নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে প্রতিরোধমূলক কার্যক্রম

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. নিরাপদ খাদ্যের প্রাপ্যতা নিশ্চিতকরণে খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ ও বিক্রয় সংশ্লিষ্ট কার্যক্রম নিয়ন্ত্রণ ও পরিবীক্ষণ;
২. খাদ্য ব্যবসার ক্ষেত্রে নিরাপদ খাদ্য সনদের জন্য সনদ প্রদানকারী সংস্থাসমূহকে সহযোগিতা প্রদান;
৩. খাদ্য পরীক্ষাগার এ্যাক্রেডিটেশনের জন্য সংশ্লিষ্ট সংস্থাকে সহযোগিতা প্রদান;
৪. আমদানিতব্য খাদ্যদ্রব্যের মানদন্ড ও পরীক্ষণ পদ্ধতি নির্ধারণের জন্য সংশ্লিষ্ট সংস্থাকে সহযোগিতা প্রদান;
৫. খাদ্য ও পুষ্টি নিরাপত্তা বিষয়ক নীতিমালা বা বিধিমালা প্রণয়ন এবং বিদ্যমান নীতিমালা বা বিধিমালা সংশোধন বা হালনাগাদকরণে সরকারকে প্রয়োজনীয় বৈজ্ঞানিক পরামর্শ ও কারিগরি সহায়তা প্রদান
৬. নিরাপদ খাদ্যের প্রাপ্যতা নিশ্চিতকরণে খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ ও বিক্রয় সংশ্লিষ্ট কার্যক্রম নিয়ন্ত্রণ ও পরিবীক্ষণ;
৭. খাদ্য ব্যবসার ক্ষেত্রে নিরাপদ খাদ্য সনদের জন্য সনদ প্রদানকারী সংস্থাসমূহকে সহযোগিতা প্রদান;
৮. খাদ্য পরীক্ষাগার এ্যাক্রেডিটেশনের জন্য সংশ্লিষ্ট সংস্থাকে সহযোগিতা প্রদান;
৯. আমদানিতব্য খাদ্যদ্রব্যের মানদন্ড ও পরীক্ষণ পদ্ধতি নির্ধারণের জন্য সংশ্লিষ্ট সংস্থাকে সহযোগিতা প্রদান;
১০. খাদ্য ও পুষ্টি নিরাপত্তা বিষয়ক নীতিমালা বা বিধিমালা প্রণয়ন এবং বিদ্যমান নীতিমালা বা বিধিমালা সংশোধন বা হালনাগাদকরণে সরকারকে প্রয়োজনীয় বৈজ্ঞানিক পরামর্শ ও কারিগরি সহায়তা প্রদান

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| নিরাপদ খাদ্য বিয়ক হালনাগাদ তথ্য প্রাপ্তির সহজলভ্যতা | ওয়েবসাইট হালনাগাদকৃত | সংখ্যা | | ৪ | ৪ | ৪ | ৪ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, নিরাপদ খাদ্য আইন ২০১৩, জেলা কার্যালয় বিএফএসএ |
| নিরাপদ খাদ্য গ্রহণে সচেতন জনগোষ্ঠী | কর্মসূচির মাধ্যমে নিরাপদ খাদ্য বিষয়ে জনগণকে সচেতন ও প্রশিক্ষিত করা | সংখ্যা | ১০০০ | ১২০০ | ১৩০০ | ১৪০০ | ১৫০০ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খাদ্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, নিরাপদ খাদ্য আইন, ২০১৩, জেলা কার্যালয় বিএফএসএ |
| খাদ্য বিপত্তি প্রশমন | খাদ্য স্থাপনা পরিবীক্ষণকৃত | শতকরা | ৭৫% | ৮০% | ৮৫% | ৯০% | ৯৫% | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খাদ্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর, ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর | নিরাপদ খাদ্য আইন, ২০১৩, জেলা কার্যালয় বিএফএসএ |
| | বিপত্তিযুক্ত নমুনা | শতকরা | ২০% | ৫০% | ৪০% | ৩৫% | ৩০% | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খাদ্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, নিরাপদ খাদ্য আইন, ২০১৩, জেলা কার্যালয় বিএফএসএ |

*সাময়িক (provisional) তথ্য

**সেকশন ৩**

**কর্মসম্পাদন পরিকল্পনা**

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] খাদ্য বিষযক নীতিমালা বাস্তবায়ন ও নিরাপদ খাদ্য সংক্রান্ত তথ্য প্রাপ্তি সহজীকরণ | ২৫ | [১.১] জেলার নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা কমিটির সভা | [১.১.১] অনুষ্ঠিত সভা | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ৪ | ৩ | ২ | | | ৪ | ৫ |
| | | [১.২] জেলার খাদ্যস্থাপনার তালিকা হালনাগাদকরণ ( সকল উপজেলা মোট ৪০০টি) | [১.২.১] হালনাগাদকৃত তালিকা | তারিখ | তারিখ | ৫ | | | ৩০.০৪.২৫ | ১৫.০৫.২৫ | ৩০.০৫.২৫ | | | | |
| | | [১.৩] নিয়মিত জেলা কার্যালয়ের ওয়েবসাইট হালনাগাদকরণ | [১.৩.১] হালনাগাদকৃত ওয়েবসাইট | তারিখ | তারিখ | ৫ | | | ৩০.০৪.২৫ | ১৫.০৫.২৫ | ৩০.০৫.২৫ | | | | |
| | | [১.৪] দায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শকদের সাথে সভা | [১.৪.১] অনুষ্ঠিত সভা | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ৬ | ৪ | ২ | | | ৬ | ৭ |
| | | [১.৫] জেলায় কর্মরত খাদ্যকর্মীদের হালনাগাদকৃত তালিকা ( ১টি উপজেলা) | [১.৫.১] হালনাগাদকৃত তালিকা | তারিখ | সংখ্যা | ৫ | | | ৫০ | ৪০ | ৩০ | | | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [২] নিরাপদ খাদ্য ও পুষ্টি বিষয়ে সচেতনতা বৃদ্ধি | ২৩ | [২.১] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সচেতনতামূলক কর্মসূচি/সেমিনার/কর্মশালা | [২.১.১] অনুষ্ঠিত কর্মসূচি/সেমিনার/কর্মশালা | সমষ্টি | সংখ্যা | ৪ | | | ১ | | | | | ২ | ২ |
| | | [২.২] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে খাদ্য ব্যবসায়ীদের প্রশিক্ষণ প্রদান | [২.২.১] প্রশিক্ষণপ্রাপ্ত ব্যবসায়ী | সমষ্টি | সংখ্যা | ৪ | | | ১০৫ | ৯০ | ৭৫ | ৬০ | | ১২০ | ১৩০ |
| | | [২.৩] নিরাপদ খাদ্য বিষয়ে গৃহিনীদের সাথে সচেতনতামূলক উঠান বৈঠক | [২.৩.১] আয়োজিত সচেতনতামূলক বৈঠক | সমষ্টি | সংখ্যা | ৪ | | | ৩ | ২ | ১ | | | ৪ | ৫ |
| | | [২.৪] শিক্ষক/ইমাম/পুরোহিতদের নিয়ে নিরাপদ খাদ্য বিষয়ক প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রশিক্ষণপ্রাপ্ত জনবল | সমষ্টি | ব্যাচ | ৩ | | | ১ | | | | | | |
| | | [২.৫] নিরাপদ খাদ্য বিষয়ক অনুষ্ঠিত কর্মসূচী ফেসবুক পেইজের মাধমে প্রচার | [২.৫.১] অনুষ্ঠিত কর্মসূচীর ফেসবুক পেজের প্রচারকৃত স্ক্রিনশট | সমষ্টি | সংখ্যা | ৪ | | | ১০ | ৮ | ৬ | | | ১২ | ১৫ |
| | | [২.৬] শিক্ষা প্রতিষ্ঠানে নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সচেতনতামূলক কার্যক্রম | [২.৬.১] গৃহীত কার্যক্রম | সমষ্টি | সংখ্যা | ৪ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৬ | ৭ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৩] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে প্রতিরোধমূলক কার্যক্রম | ২২ | [৩.১] খাদ্যের নমুনা পরীক্ষার জন্য স্যাম্পল প্রেরণ | [৩.১.১] প্রেরিত নমুনা | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ২৪ | ২০ | ১৬ | | | ২৮ | ৩০ |
| | | [৩.২] জেলাব্যাপী খাদ্যস্থাপনা ও বাজার মনিটরিং এবং পরিদর্শন | [৩.২.১] মনিটরিংকৃত খাদ্যস্থাপনা ও বাজার | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ১২০ | ১০০ | ৮০ | ৬০ | | ১৩০ | ১৪০ |
| | | [৩.৩] খাদ্য শিল্প পরিদর্শন/খাদ্য সংরক্ষণাগার /হিমাগার পরিদর্শন | [৩.৩.১] পরিদর্শনকৃত খাদ্যশিল্প/খাদ্য সংরক্ষণাগার /হিমাগার পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ৪ | | | ৬ | ৫ | ৪ | | | ৬ | ৭ |
| | | [৩.৪] খামার বা হ্যাচারি পরিদর্শন | [৩.৪.১] পরিদর্শনকৃত খামার বা হ্যাচারি | সমষ্টি | সংখ্যা | ৪ | | | ৪ | ৩ | ২ | | | ৫ | ৬ |
| | | [৩.৫] মৌসুমি ফল বিক্রেতাদের নিরাপদ খাদ্য বিষয়ক প্রশিক্ষণ প্রদান | [৩.৫.১] প্রশিক্ষণপ্রাপ্ত জনবল | সমষ্টি | ব্যাচ | ৪ | | | ১ | | | | | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, নিরাপদ খাদ্য অফিসার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, নীলফামারী, চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ হিসাবে নিরাপদ খাদ্য অফিসার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, নীলফামারী-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| নিরাপদ খাদ্য অফিসার<br>বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়,<br>নীলফামারী | তারিখ |
| চেয়ারম্যান<br>বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আইপিএইচ | ইন্সটিটিউট অব পাবলিক হেলথ |
| ২ | এফএও | ফুড এন্ড এগ্রিকালচার অর্গানাইজেশন |
| ৩ | এফপিএমইউ | ফুড প্লানিং এন্ড মনিটরিং ইউনিট |
| ৪ | এমওইউ | মেমোরেন্ডাম অব আন্ডারস্ট্যাডিং |
| ৫ | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অব ষ্ট্যাটিসটিকস্ |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] জেলার নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা কমিটির সভা | [১.১.১] অনুষ্ঠিত সভা | নিরাপদ খাদ্য অফিসার, নীলফামারী | সভার কার্যবিবরণী |
| [১.২] জেলার খাদ্যস্থাপনার তালিকা হালনাগাদকরণ ( সকল উপজেলা মোট ৪০০টি) | [১.২.১] হালনাগাদকৃত তালিকা | নিরাপদ খাদ্য অফিসার, নীলফামারী | হালনাগাদকৃত তালিকা |
| [১.৩] নিয়মিত জেলা কার্যালয়ের ওয়েবসাইট হালনাগাদকরণ | [১.৩.১] হালনাগাদকৃত ওয়েবসাইট | নিরাপদ খাদ্য অফিসার, নীলফামারী | হালনাগাদকৃত তালিকা |
| [১.৪] দায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শকদের সাথে সভা | [১.৪.১] অনুষ্ঠিত সভা | নিরাপদ খাদ্য অফিসার, নীলফামারী | সভার কার্যবিবরণী |
| [১.৫] জেলায় কর্মরত খাদ্যকর্মীদের হালনাগাদকৃত তালিকা ( ১টি উপজেলা) | [১.৫.১] হালনাগাদকৃত তালিকা | নিরাপদ খাদ্য অফিসার, নীলফামারী | হালনাগাদকৃত তালিকা |
| [২.১] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সচেতনতামূলক কর্মসূচি/সেমিনার/কর্মশালা | [২.১.১] অনুষ্ঠিত কর্মসূচি/সেমিনার/কর্মশালা | নিরাপদ খাদ্য অফিসার, নীলফামারী | নোটিশ, রিপোর্ট, হাজিরা ও ছবি |
| [২.২] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে খাদ্য ব্যবসায়ীদের প্রশিক্ষণ প্রদান | [২.২.১] প্রশিক্ষণপ্রাপ্ত ব্যবসায়ী | নিরাপদ খাদ্য অফিসার, নীলফামারী | প্রশিক্ষণের নোটিশ ও হাজিরা |
| [২.৩] নিরাপদ খাদ্য বিষয়ে গৃহিনীদের সাথে সচেতনতামূলক উঠান বৈঠক | [২.৩.১] আয়োজিত সচেতনতামূলক বৈঠক | নিরাপদ খাদ্য অফিসার, নীলফামারী | নোটিশ, হাজিরা ও ছবি |
| [২.৪] শিক্ষক/ইমাম/পুরোহিতদের নিয়ে নিরাপদ খাদ্য বিষয়ক প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রশিক্ষণপ্রাপ্ত জনবল | নিরাপদ খাদ্য অফিসার, নীলফামারী | প্রশিক্ষণের নোটিশ ও হাজিরা |
| [২.৫] নিরাপদ খাদ্য বিষয়ক অনুষ্ঠিত কর্মসূচী ফেসবুক পেইজের মাধমে প্রচার | [২.৫.১] অনুষ্ঠিত কর্মসূচীর ফেসবুক পেজের প্রচারকৃত স্ক্রিনশট | নিরাপদ খাদ্য অফিসার, নীলফামারী | ফেসবুক পেজের প্রচারকৃত স্ক্রিনশট |
| [২.৬] শিক্ষা প্রতিষ্ঠানে নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সচেতনতামূলক কার্যক্রম | [২.৬.১] গৃহীত কার্যক্রম | নিরাপদ খাদ্য অফিসার, নীলফামারী | নোটিশ, রিপোর্ট, হাজিরা ও ছবি |
| [৩.১] খাদ্যের নমুনা পরীক্ষার জন্য স্যাম্পল প্রেরণ | [৩.১.১] প্রেরিত নমুনা | নিরাপদ খাদ্য অফিসার, নীলফামারী | নমুনা প্রেরনের প্রমাণক |
| [৩.২] জেলাব্যাপী খাদ্যস্থাপনা ও বাজার মনিটরিং এবং পরিদর্শন | [৩.২.১] মনিটরিংকৃত খাদ্যস্থাপনা ও বাজার | নিরাপদ খাদ্য অফিসার, নীলফামারী | পরিদর্শনের প্রতিবেদন ও ছবি |
| [৩.৩] খাদ্য শিল্প পরিদর্শন/খাদ্য সংরক্ষণাগার /হিমাগার পরিদর্শন | [৩.৩.১] পরিদর্শনকৃত খাদ্যশিল্প/খাদ্য সংরক্ষণাগার /হিমাগার পরিদর্শন | নিরাপদ খাদ্য অফিসার, নীলফামারী | পরিদর্শনের প্রতিবেদন ও ছবি |
| [৩.৪] খামার বা হ্যাচারি পরিদর্শন | [৩.৪.১] পরিদর্শনকৃত খামার বা হ্যাচারি | নিরাপদ খাদ্য অফিসার, নীলফামারী | পরিদর্শনের প্রতিবেদন ও ছবি |
| [৩.৫] মৌসুমি ফল বিক্রেতাদের নিরাপদ খাদ্য বিষয়ক প্রশিক্ষণ প্রদান | [৩.৫.১] প্রশিক্ষণপ্রাপ্ত জনবল | নিরাপদ খাদ্য অফিসার, নীলফামারী | পরিদর্শনের প্রতিবেদন ও ছবি |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| জেলার নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা কমিটির সভা | অনুষ্ঠিত সভা | জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী | টেলিফোন, মেইল বা পত্রের মাধ্যমে যোগাযোগ |
| নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সচেতনতামূলক কর্মসূচি/সেমিনার/কর্মশালা | অনুষ্ঠিত কর্মসূচি/সেমিনার/কর্মশালা | জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী | টেলিফোন, মেইল বা পত্রের মাধ্যমে যোগাযোগ |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ